দৈনিক
ইত্তেফাক

তারিখ 19 APR 2018
পৃষ্ঠা ২ কলাম ৬

# অনুমোদন পেলো আরো দুই বেসরকারি বিশ্ববিদ্যালয়

■ ইত্তেফাক রিপোর্ট

নতুন করে আরো দুইটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের অনুমোদন দেওয়া হয়েছে। বিশ্ববিদ্যালয় দুইটি হলো খুলনা খান বাহাদুর আহছানউল্লা বিশ্ববিদ্যালয় ও আহছানিয়া মিশন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

এই নিয়ে দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয়ের সংখ্যা দাঁড়ালো ৯৮টিতে। এ ছাড়া অনুমোদনের অপেক্ষায় রয়েছে আরো আটটি বিশ্ববিদ্যালয়। নতুন অনুমোদন পাওয়া বিশ্ববিদ্যালয়ের মধ্যে খুলনা খান বাহাদুর আহছানউল্লা বিশ্ববিদ্যালয়ের ঠিকানা দেখানো হয়েছে ১৪০ কেডিএ, খান বাহাদুর আহছানউল্লা সড়ক, ছোট বয়রা, সোনাডাঙ্গা, খুলনা। আর আহছানিয়া মিশন বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ঠিকানা দেখানো হয়েছে ২১৬/১, তালাইমারি, পোস্ট-কাজলা, রাজশাহী।